



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-১৩, ঢাকা

১৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০

www.taxeszone13dhaka.gov.bd



নথি নং-১ই-৫৯/কঃঅঃ-১৩/২০২৬-২০২৭/২৫১

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩
০৮ অক্টোবর ২০২৬

“নিয়োগ বিজ্ঞপ্তি”

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখা এর স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.৩৩৩/১ (৯), তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. মোতাবেক প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর অঞ্চল-১৩, ঢাকা এর সাংগঠনিক কাঠামোভুক্ত ১৩তম গ্রেড হতে ২০তম গ্রেডের সরাসরি পদে নিয়োগযোগ্য নিম্নোক্ত ৪৭ (সাতচল্লিশ)টি শূন্য পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে ঢাকা জেলার প্রকৃত স্থায়ী বাসিন্দাগণের নিকট থেকে অনলাইনে (<https://tax13.teletalk.com.bd> ওয়েবসাইটে) আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না:

ক্রমিক	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১.	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতনস্কেল: ২৪,০০০-৫৮,০০০/-	১টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ এবং ইংরেজিতে সর্বনিম্ন ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude test এ উত্তীর্ণ হতে হবে।
২.	প্রধান সহকারী (গ্রেড-১৩) বেতনস্কেল: ২৪,০০০-৫৮,০০০/-	৩টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে-কোনো বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ৩০ শব্দ।
৩.	উচ্চমান সহকারী (গ্রেড-১৪) বেতনস্কেল: ২৩,৫০০-৫৬,৮০০/-	৯টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে-কোনো বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ৩০ শব্দ।
৪.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) বেতনস্কেল: ২৩,৫০০-৫৬,৮০০/-	১৭টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে-কোনো বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) সাঁটলিপি লিখনে গতি ইংরেজিতে সর্বনিম্ন প্রতি মিনিটে ৭০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন প্রতি মিনিটে ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ২৫ শব্দ।

২

ক্রমিক	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
৫.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) বেতনস্কেল: ২১,৯০০-৫২,৯০০/-	৬টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরিক সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজি ২০ শব্দ।
৬.	গাড়ী চালক (গ্রেড-১৬) বেতনস্কেল: ২১,৯০০-৫২,৯০০/-	৩টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা গাড়ী চালনার বৈধ ড্রাইভিংলাইসেন্স থাকতে হবে।
৭.	অফিস সহায়ক (গ্রেড-২০) বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/-	৮টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

- ১। সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই আবেদনকারীর বয়স ০১ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় (এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে)।
- ২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।
- ৩। কেবল কর বিভাগে চাকুরিরত প্রার্থীরা বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবেন এবং তারা সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate অপশনটি সিলেক্ট করবেন। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে।
- ৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে- (ক) বিজ্ঞপ্তির ক্রমিক নং- ১ হতে ৬ পর্যন্ত সংশ্লিষ্ট পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ এবং (খ) ক্রমিক নং-(৭) এ বর্ণিত অফিস সহায়ক পদের জন্য কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
- ৫। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিকস্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- ৬। প্রার্থী কোন কোটায় আবেদন করলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটা সংক্রান্ত সর্বশেষ পরিপত্র অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। সরকার কোটার বিষয়ে যে রূপ সিদ্ধান্ত গ্রহণ করবেন নিয়োগ প্রক্রিয়া তা অনুসারে সম্পন্ন হবে।
- ৭। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৮। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত ১টি সেট দাখিল করতে হবে:
ক। সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

৪

- খ। প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
- গ। জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখসহ) নাগরিকত্ব সনদ;
- ঘ। শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;
- ঙ। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাজনার সন্তান হলে মুক্তিযোদ্ধার সনদপত্র যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং
- চ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
- ছ। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের মূলকপি; এবং
- জ। অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রবেশপত্র (Admit Card) এর রজিন প্রিন্ট কপি।

৯। পরীক্ষা ও যোগদান সম্পর্কিত বিষয়াদি নিম্নবর্ণিতরূপে নির্ধারিত হবে, যথা:

- (ক) লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক পরীক্ষা ও যোগদানের সময়সূচি পরবর্তীতে কর অঞ্চল-১৩, ঢাকা এর নোটিশ বোর্ড এবং www.taxeszone13dhaka.gov.bd ওয়েবসাইটে ও প্রার্থীদের ব্যক্তিগত মোবাইলফোনে এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।
- খ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষার যোগ্য বিবেচিত হবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রার্থীগণ মৌখিক পরীক্ষার যোগ্য বিবেচিত হবেন।
- (গ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ দাখিল করতে হবে এবং তাদের পূর্ব কার্যকলাপ যথাযথ এজেন্সির মাধ্যমে যাচাই করা হবে।

- ১০। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১১। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
- ১২। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৪। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৫। একজন প্রার্থী কর্তৃক একাধিক পদে আবেদন করা যাবে না।
- ১৬। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ১৭। প্রার্থীর পক্ষে যেকোনো প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে এবং তিনি নিয়োগযোগ্য বিবেচিত হবেন না।

অনলাইনে আবেদনের নিয়মাবলী

- ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে <https://tax13.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
 - i) Online আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৩ অক্টোবর ২০২৬, সময়: সকাল ১০:০০ ঘটিকা।
 - ii) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২৮ অক্টোবর ২০২৬।
 - iii) পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ: ৩১ অক্টোবর ২০২৬।
- (খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা সর্বোচ্চ 100 KB সাইজের রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও সর্বোচ্চ 60 KB সাইজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- (গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পরবর্তীতে এ সংক্রান্ত কোনো সংশোধনী গ্রহণযোগ্য হবে না।
- (ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ

৯

করবেন এবং ব্যাবহারিক ও মৌখিক পরীক্ষার সময় এক কপি (রঙিন প্রিন্ট) জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ হতে ৬ পর্যন্ত পদের জন্য পরীক্ষার আবেদন ফি ১১২/- টাকা (চার্জসহ) এবং ক্রমিক নং ৭ এ বর্ণিত পদের জন্য পরীক্ষার আবেদন ফি ৫৬/- টাকা (চার্জসহ) (অফেরৎযোগ্য)। তবে অনগ্রসর প্রার্থীদের (শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে সকল পদে আবেদন ফি ৫৬/- টাকা (চার্জসহ)। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: TAX13<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TAX13 ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK 112 or TK 56 will be charged as fee. Your PIN is 12345678. To Pay fee Type TAX13 <space>YES< space> PIN and Send to 16222

দ্বিতীয় SMS: TAX13<space>YES<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TAX13 YES 12345678 & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for TAX13 Application for (Post Name). User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <https://tax13.teletalk.com.bd> এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি Print করে নিবেন। প্রার্থী প্রযোজ্যতা মোতাবেক এই প্রবেশপত্রটি লিখিত ব্যাবহারিক ও মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) USER ID জানা থাকলে:

TAX13<space>Help<space>USER<space> User ID & Send to ১৬২২২ নম্বরে

Example: TAX13 Help USER ABCDEF

ii) PIN জানা থাকলে:

TAX13<space>Help<space>PIN<space>PIN Number & Send to ১৬২২২

নম্বরে।

Example: TAX13 Help PIN 12345678 & send to 16222

৯

(বা) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-১৩, ঢাকা এর ওয়েবসাইট <https://taxeszone13dhaka.gov.bd> এবং <https://tax13.teletalk.com.bd> অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য <https://taxeszone13dhaka.gov.bd> ওয়েবসাইট হতে জানা যাবে।



(এ) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোনো টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ এ কল অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ <https://www.facebook.com/alljobsbdTeletalk> এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: **TAX13 Dhaka** Post Name ****, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঠ) Online এর আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



কর অঞ্চল-১৩, ঢাকা'র ওয়েবসাইট
www.taxeszone13dhaka.gov.bd
এর QR Code


০৮-১০-১৬

(সুজিত রানী সরকার)

উপকর কমিশনার

সদর দপ্তর (প্রশাসন)

ও

সদস্য-সচিব

বিভাগীয় নিয়োগ কমিটি

কর অঞ্চল-১৩, ঢাকা



কর অঞ্চল-১৩, ঢাকা'র টেলিটক
পোর্টালে প্রবেশ এর QR Code